ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

<u>স- ১৩৩৬</u>
আগরতলা, ২১ জুন, ২০২৫

**ধলাই জেলার ধনসিং রোয়াজা পাড়ায় স্বাস্থ্য শিবির**

ধলাই জেলার আমবাসা প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রের অধীনে গুরুধন-আয়ুষ্মান আরোগ্য মন্দিরের তত্ত্বাবধানে গতকাল ধনসিং রোয়াজা পাড়ায় একটি স্বাস্থ্য শিবির অনুষ্ঠিত হয়। এই শিবিরে স্থানীয় ৫৩ জন স্বাস্থ্য পরিষেবা পেয়ে উপকৃত হয়েছেন। এই স্বাস্থ্য শিবিরে অসংক্রামক রোগ এবং ম্যালেরিয়া রোগের স্ক্রিনিং করা হয়। ম্যালেরিয়া স্ক্রিনিংয়ে কোনো ম্যালেরিয়া রোগী সনাক্ত হয়নি, যা এই এলাকার জনস্বাস্থ্যের জন্য একটি ইতিবাচক দিক। রোগীদের মধ্যে বিনামূল্যে ওষুধ বিতরণ করা হয়। এছাড়াও স্বাস্থ্য কর্মীরা একটি সচেতনতা কর্মসূচির আয়োজন করেন। এই কর্মসূচিতে অংশগ্রহণকারীদের বিভিন্ন স্বাস্থ্য বিষয় নিয়ে শিক্ষিত করা হয়, যার মধ্যে প্রতিরোধমূলক স্বাস্থ্যসেবা এবং স্বাস্থ্যকর জীবনযাপন পদ্ধতি সম্পর্কে আলোচনা করা হয়। ধলাই জেলার মুখ্য স্বাস্থ্য আধিকারিকের কার্যালয় থেকে এই তথ্য জানানো হয়েছে।

*****